গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
(www.lgd.gov.bd.)

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০৪৬.০২৭.০০.০০.১০২.২০১৭- ১১৬৩

তারিখ : ১৩ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ
২৮ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু, বেগম মোসাঃ ইয়াসমিন আরা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, চাঁপাইনবাবগঞ্জ সদর এর বিরুদ্ধে গত ২৯ নভেম্বর ২০১৫, ২৭ ডিসেম্বর ২০১৫ এবং ২৮ জানুয়ারি ২০১৬ তারিখে অনুষ্ঠিত পর পর তিনটি মাসিক সভায় যুক্তিসংগত কারণ ব্যতিরেকে অনুপস্থিত থাকার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ধারা ১৩(১)(ক) এর অপরাধে একই আইনের ১৩(২) ধারা অনুযায়ী কারণ দর্শানোর পরিপ্রেক্ষিতে তার দাখিলকৃত জবাব ও ব্যক্তিগত শুনানীর বক্তবে তার বিরুদ্ধে কোন ফৌজদারী মামলা না থাকা সত্ত্বেও আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কাছে ধৃত হওয়ার আশঙ্কায় এবং একই সাথে উক্ত সভাসমূহের নোটিশ যথাসময়ে না পাওয়ার বিষয় উল্লেখ করে নভেম্বর ২০১৫ হতে জানুয়ারি ২০১৬ পর্যন্ত উপজেলা পরিষদের পর পর তিনটি মাসিক সভায় অনুপস্থিত থাকার কথা তিনি স্বীকার করেছেন;

যেহেতু, চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ মোখলেছুর রহমান এবং ভাইস চেয়ারম্যান জনাব মোঃ সোহরাব আলী উক্ত সময়ে সাময়িকভাবে বরখাস্ত থাকায় ঐ সময়ে মহিলা ভাইস চেয়ারম্যান বেগম মোসাঃ ইয়াসমিন আরা বেগম উক্ত উপজেলা পরিষদ চেয়ারম্যানের প্রশাসনিক এবং আর্থিক ক্ষমতার দায়িত্ব প্রাপ্ত ছিলেন। প্রতিমাসের ২৮ তারিখ উপজেলা পরিষদের মাসিক সভা অনুষ্ঠিত হওয়ার বিষয়ে ঐ কার্যালয়ের ২৯ এপ্রিল ২০১৫ তারিখের ১১৬৭ নং স্মারকে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। দায়িত্বপ্রাপ্ত চেয়ারম্যান হিসেবে বেগম মোসাঃ ইয়াসমিন আরা বেগম কর্তৃক ভিন্ন কোন তারিখে সভা করার নির্দেশনা না থাকায় এবং ২৮ নভেম্বর ২০১৫ তারিখ সরকারি ছুটি থাকায় ২৯ নভেম্বর ২০১৫, ২৮ ডিসেম্বর ২০১৫ জেলা প্রশাসকের কার্যালয়ে সভা থাকায় ২৭ ডিসেম্বর ২০১৫ তারিখে ও ২৮ জানুয়ারি ২০১৬ নির্ধারিত তারিখেই উপজেলা পরিষদের সভা আহবান করা হয়। তদ্‌প্রেক্ষিতে উক্ত সভাসমূহের নোটিশ করাসহ ঐ সময়ে আহুত সভার নোটিশের অনুলিপি মহিলা ভাইস চেয়ারম্যানকে প্রদান করা হয়েছে যা নোটিশের কপি দৃষ্টে প্রমাণিত হয়। তদুপরি উক্ত উপজেলা পরিষদের সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর নোটিশের কপিসমূহ ডাক ফাইলে সংরক্ষণ করেছিলেন ও ভারপ্রাপ্ত চেয়ারম্যান হিসেবে মহিলা ভাইস চেয়ারম্যানকে মোবাইল ফোনে সভার বিষয়ে অবহিত করেছিলেন যা তদন্তে প্রমাণিত হয়। বর্ণিত সময়ে তার বিরুদ্ধে কোন মামলা ছিল না এবং তিনি পরিষদের যাবতীয় ফাইল পত্রে স্বাক্ষর করেছেন যা তিনি নিজেও স্বীকার করেছেন; ফলে উপজেলা পরিষদের নভেম্বর ২০১৫, ডিসেম্বর ২০১৫ ও জানুয়ারি ২০১৬ এর সভায় তার অনুপস্থিতির যুক্তিসঙ্গত কোন কারণ তিনি উপস্থাপন করতে ব্যর্থ হয়েছেন;

যেহেতু, চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান বেগম মোসাঃ ইয়াসমিন আরা বেগম এর বিরুদ্ধে আনীত অভিযোগ উপজেলা পরিষদ সদস্য ও মহিলা সদস্যদের (অপসারণ, অনাস্থা ও পদ-শূন্যতা) বিধিমালা, ২০১৬ অনুযায়ী বিভাগীয় কমিশনার, রাজশাহী কর্তৃক তদন্ত করা হয়। উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(২) ধারা অনুযায়ী অভিযুক্তকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। কিন্তু তিনি তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে সুনির্দেষ্ট ও যৌক্তিক কোন ব্যাখ্যা প্রদান করতে পারেননি। তিনি স্ব বিরোধী বক্তব্য প্রদান করেছেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ খণ্ডনে ব্যর্থ হয়েছেন। ফলে তার বিরুদ্ধে আনীত উপজেলা পরিষদের পর পর তিনটি মাসিক সভায় যুক্তিসঙ্গত কারণ ব্যতিরেকে অনুপস্থিত থাকার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে।

যেহেতু, তাঁর এহেন কমকাণ্ডে তিনি উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ধারা ১৩(১)(ক) অনুযায়ী যুক্তিসঙ্গত কারণ ব্যতিরেকে পরিষদের পর পর তিনটি সভায় অনুপস্থিতির অভিযোগের দায়ে দোষী সাব্যস্ত হয়েছেন, সেহেতু সরকার জনস্বার্থে তাঁকে স্বীয় পদ হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

এমতাবস্থায়, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ধারা ১৩(২) অনুসারে চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান বেগম মোসাঃ ইয়াসমিন আরা বেগমকে চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান এর পদ হতে অপসারণ করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

২৮/০৯/২০১৭
(ড.জুলিয়া মঈন)
উপসচিব
ফোন : ৯৫৬২২৪৭

নং-৪৬.০৪৬.০২৭.০০.০০.১০২.২০১৭- ১১৬৩

তারিখ : ১৩ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ / ২৮ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব...মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৩। সচিব,...মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৪। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [অপসারণজনিত কারণে চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান এর পদ শূন্য হওয়ায় উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ {উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত} অনুযায়ী উপ-নির্বাচনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ]।
৫। কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
৭। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
৮। উপপরিচালক, স্থানীয় সরকার, চাঁপাইনবাবগঞ্জ।
৯। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৫০(পঞ্চাশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধসহ)।
১০। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
১১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ।
১২। উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ।
১৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ।
১৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ
১৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৬। বেগম মোসাঃ ইয়াসমিন আরা বেগম, প্রাক্তন মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ।

২৮/০৯/২০১৭
(ড. জুলিয়া মঈন)
উপসচিব